

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির নতুনের/২০২১ মাসের সভার কার্যবিবরণী :-

সভাপতিঃ

জনাব মোছাঃ নাজনীন নাহার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।

স্থানঃ- উপজেলা প্রাণিসম্পদ অফিস, চৌগাছা যশোর।

তারিখঃ ০৭/১১/২০২১ইং সকালঃ ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা পৃথক ভাবে সংরক্ষিত।

অদ্যকার সভায় মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি মহোদয় জনাব মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ চৌগাছা, যশোর উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

সভার শুরুতে সম্মানিত সদস্য জনাব মোঃ তবিবর রহমান খান, চেয়ারম্যান, জগদিসপুর ইউনিয়ন পরিষদ, চৌগাছা, যশোর ও সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, সভাপতির অনুমতি ক্রমে সদস্য সচিব, জনাব প্রভাষ চন্দ্ৰ গোষ্ঠীমী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চৌগাছা, যশোরের নিকট জানতে চান যে, জগদিসপুর ইউনিয়নের স্বপ্রারজপুর ও মাডুয়া গ্রামে প্রচুর পরিমাণে গরুমোটাতাজাকরণ ও ছাগলপালন খামারী রয়েছে, তাদেরকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ খামারী হিসেবে গড়ে তোলা সম্ভব এবং প্রাক্তিক খামারীদেরকে ভ্যাকসিনেশন ও ডি-ওয়ামিং ক্যাম্পেইনের মাধ্যমে তাদের গবাদিপ্রাণিকে সুস্থ ও সবল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন এ ব্যাপারে প্রাণিসম্পদ বিভাগ বর্তমান অর্থ বছরে কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন।

এছাড়া সম্মানিত সদস্য জনাব মোঃ জয়নাল আবেদীন, চেয়ারম্যান, নারায়ণপুর ইউনিয়ন, চৌগাছা, যশোরের একই প্রশ্নের উত্তরে সম্মানিত সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে সদস্য সচিব জনাব প্রভাষ চন্দ্ৰ গোষ্ঠীমী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চৌগাছা ও সদস্য সচিব মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে চৌগাছা উপজেলার প্রতিটি ইউনিয়ন হতে ২০ জনের ৩০টি ছফ্প করে মোট ৩০টি ছফ্প হতে ৬৬০ জন খামারীকে আধুনিক পদ্ধতিতে প্রশিক্ষণের মাধ্যমে গাভী পালন, ছাগলপালন ও গরুমোটাতাজাকরণ বিষয়ে বাস্তব সম্মত জ্ঞান দেওয়া হচ্ছে যা চলমান রয়েছে তাছাড়া ডি-ওয়ামিং ও ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। এছাড়া উপজেলার বিভিন্ন বাজারের মাংস ব্যবসায়ীদের আধুনিক পদ্ধতিতে মাংস কাটা, চামড়া ছাড়ানো ও বর্জ ব্যবস্থাপনা বিষয়ের উপর প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সম্মানিত সভাপতি মহোদয় সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/

(মোছাঃ নাজনীন নাহার)

মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ চৌগাছা, যশোর

ও সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।

তারিখঃ ০৭/১১/২০২১

স্বারক নং-৩৩.০১.৮১১১.০০০.৫৫.০০২.২১-৩৫৯৪/৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হ'লঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।

৩-৮। -----সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।


(প্রভাষ চন্দ্ৰ গোষ্ঠীমী) ১১/১২/২১
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চৌগাছা ও সদস্য সচিব,
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।